

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪৮

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সমস্ত বিষয়ে কোমলতা প্রদর্শন করা মুস্তাহাব কেননা মহান আল্লাহ তা পছন্দ করেন

ذَكَرُ اسْتِحْبَابِ الرَّفْقِ لِلْمَرْءِ فِي الْأُمُورِ إِذِ اللَّهُ جَلَّ وَعَلَا يُحِبُّهُ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ قَالَ: حَدَّثَنَا مَعْنُ بْنُ عِيسَى عَنْ مَالِكٍ عَنِ الْأَوْزَاعِيِّ عَنِ الزُّهْرِيِّ عَنِ عُرْوَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ تَعَالَى يُحِبُّ الرَّفْقَ فِي الْأَمْرِ كُلِّهِ).

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 548 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

باب الرَّفْقِ
কোমলতা

৫৪৮. ‘আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “নিশ্চয়ই মহান আল্লাহ সমস্ত বিষয়ে কোমলতা ভালবাসেন।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: مَا رَوَى مَالِكٌ عَنِ الْأَوْزَاعِيِّ إِلَّا هَذَا الْحَدِيثَ وَرَوَى الْأَوْزَاعِيُّ عَنِ مَالِكٍ أَرْبَعَةَ أَحَادِيثَ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেছেন: “ইমাম মালিক আওয়া‘ঈ থেকে কেবল এই একটি হাদীস বর্ণনা করেছেন আর ইমাম আওয়া‘ঈ ইমাম মালিক থেকে চারটি হাদীস বর্ণনা করেছেন।”

ফুটনোট

[1] তাবারানী, আস সাগীর: ১/১৫৪; মুসনাদুশ শিহাব: ১০৬৩; মুসনাদ আহমাদ: ৬/৮৫; ইবনু মাজাহ: ৩৬৮৯;

দারেমী: ২/৩২৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৪৬০; সহীহ মুসলিম: ২১৬৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩১৪; ইমাম বুখারী, আল আদাব: ৬০২৪; তিরমিযী: ২৭১০।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৫৪৮।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89013>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন